টীকার তথ্য বিবৃতি

DTaP (ডিপথেরিয়া, ধননুষ্টংকার, ঘুংড়ি কাশি) টীকা: *আপনার কি জানা আবশ্যক*

Many Vaccine Information Statements are available in Bengali and other languages. See www.immunize.org/vis

বিভিন্ন টিকা তথ্যের বিবৃতি বাংলা এবং অন্যান্য ভাষায় পাওয়া যায়। দেখুন www.immunize.org/vis

1 কেন টীকা নেবেন?

DTaP টীকা আপনার সন্তানকে **ডিপথেরিয়া, ধনুষ্টংকার,** এবং **ঘুংড়ি কাশি** থেকে সুরক্ষিত করতে সাহায্য করবে।

- **ডিপথেরিয়ার** (D) ফলে শ্বাসকষ্ট, পক্ষাঘাত এমনকি হৃৎস্পন্দন বন্ধ হয়ে যেতে পারে। টীকার আগে, ডিপথেরিয়ার ফলে প্রতি বছর হাজার হাজার শিশু প্রতি বছর মার্কিন যুক্তরাষ্ট্রে মারা যেত।
- **ধনুষ্টংকার** (T) পেশীকে প্রবল যন্ত্রণাদায়ক ভাবে আঁটসাট করে। এটির ফলে চোয়াল "আটকে" যায় ফলে আপনি আপনার মুখ খুলতে পারবেন না বা কিছু গিলতে পারবেন না। ধনুষ্টংকারে আক্রান্ত প্রায় 5 জনের মধ্যে 1 জন ব্যক্তির মৃত্যু হয়।
- **ঘুংড়ি কাশি** (aP), হুপিং কাশি নামেও পরিচিত, এক্ষেত্রে কাশির প্রাবল্য এতটাই খারাপ হয় যে সদ্যজাত ও শিশুদের পক্ষে কিছু খাওয়া, পান করা বা শ্বাস নেওয়া কষ্টকর হয়। এটির ফলে নিউমোনিয়া, খিঁচুনি, মস্তিষ্কের ক্ষতি বা মৃত্যু হতে পারে।

DTaP টীকা নেওয়া বেশিরভাগ শিশু পুরো শৈশবকাল জুড়ে নিরাপদ থাকে। অনেক শিশুর এই রোগগুলি হয় যদি আমরা টীকা দেওয়া বন্ধ করে দিই।

2 DTaP টীকা

শিশুদের সাধারণত DTaP টীকার 5টি ডোজ/মাত্রা দেওয়া উচিত, নিম্নলিখিত প্রতিটি বয়সে একটি করে ডোজ:

- 2 মাস
- 4 মাস
- 6 মাস
- 15–18 মাস
- 4–6 বছর

অন্যান্য টীকার সঙ্গে DTaP নিরাপদভাবে দেওয়া যেতে পারে। এছাড়াও, কখনও কখনও কোন শিশু এক বা কএাকুধে টীকার সাথে কএশট শটে DTaP নেতে পারে।

3 কিছু শিশুর DTaP টীকা নেওয়া উচিত নয় বা অপেক্ষা করা উচিত

DTaP একমাত্র 7 বছরের কম বয়সী শিশুদের জন্য দেওয়া হয়। DTaP টীকা সবার জন্য যথাযথ নয়-খুব কম সংখ্যক শিশু ভিন্ন ধরণের টীকা নেওয়া উচিত যাতে DTaP-র বদলে কেবলমাত্র ডিপথেরিয়া এবং ধনুষ্টংকার ওষুধ থাকে।

আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীকে জানান যদি আপনার সন্তানের:

- **DTaP-র পূর্ববর্তী ডোজ নেওয়ার পরে অ্যালার্জির প্রতিক্রিয়া** হয়ে থাকে, বা কোন **প্রচন্ড, প্রাণঘাতী অ্যালার্জি** থাকে।
- **DTaP-র ডোজ নেওয়ার পরে 7 দিনের মধ্যে কোমা বা দীর্ঘ সময়ের জন্য বারংবার খিঁচুনি** হয়ে থাকে।
- **খিঁচুনি বা অন্য কোন স্নায়ুতন্ত্রের সমস্যা** থাকে।
- **গুইলেন-বারে সিন্ড্রোম** (Guillain-Barré Syndrome, GBS) নামে কোন পরিস্থিতি থাকে।
- DTaP বা DT টীকার **পূর্ববর্তী ডোজ নেওয়ার পরে প্রচন্ড ব্যথা বা** ফোলা হয়ে থাকে।

কিছু ক্ষেত্রে, আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী ভবিষ্যতে আপনার শিশুর DTaP টীকাকরণের তারিখ পিছিয়ে দেওয়ার সিদ্ধান্ত নিতে পারে।

সর্দিকাশির মত ন্যূনতম অসুস্থতা নিয়ে শিশুরা টীকা নিতে পারবে। যে শিশুরা মাঝারি বা গুরুতর অসুস্থ তাদের DTaP টীকা নেওয়ার আগে সুস্থ না হওয়া পর্যন্ত অপেক্ষা করা উচিত।

আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারী আপনাকে আরো তথ্য দিতে পারবেন।

U.S. Department of Health and Human Services
Centers for Disease Control and Prevention

4 টীকার প্রতিক্রিয়ার ঝুঁকি

- DTaP নেওয়ার পরে টীকা দেওয়ার স্থানটিতে লালচেভাব, ব্যথা, ফোলা এবং নরমভাব হওয়াটা স্বাভাবিক।
- DTaP টীকা নেওয়ার 1 থেকে 3 দিনের মধ্যে কখনও কখনও জ্বর, বিরক্তি, ক্লান্তি, ক্ষিধে কমে যায় এবং বমি হয়।
- DTaP টীকা নেওয়ার পরে, 3 ঘন্টা বা তার বেশি সময় ধরে খিঁচুনি, ক্রমাগত কাঁদা বা বেশি জ্বর (105°F-এর বেশি) এর মত গুরুতর প্রতিক্রিয়া খুব কমই দেখা যায়। বিরলভাবে, টীকা নেওয়ার পরে পুরো হাত বা পা ফুলে যায়, বিশেষত একটু বড় বাচ্চাদের যখন তারা তাদের চতুর্থ বা পঞ্চম ডোজটি নেয়।
- DTaP টীকা নেওয়ার পরে দীর্ঘ সময় ধরে খিঁচুনি, কোমা, খুব কম চেতনা বা স্থায়ী মস্তিষ্কে ক্ষতি অত্যন্ত বিরলভাবে ঘটে।

যেকোন ওষুধের মতো, টীকা নেওয়ার ফলে তীব্র অ্যালার্জির প্রতিক্রিয়া, অন্য গুরুতর আঘাত বা মৃত্যু হওয়ার সম্ভাবনা অত্যন্ত দূরস্থ।

5 মারাত্মক প্রতিক্রিয়া দেখা দিলে কি হবে?

শিশুটি ক্লিনিক থেকে বের হওয়ার পরে কোনরকম অ্যালার্জিক প্রতিক্রিয়া ঘটতে পারে। যদি আপনি গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়ার লক্ষণগুলি দেখতে পান (আমবাত, মুখ এবং গলা ফুলে যাওয়া, শ্বাসকষ্ট, দ্রুত হৃদ স্পন্দন, মাথা ঘুরা এবং দুর্বলতা) তাহলে 9-1-1 নম্বরে ফোন করুন এবং আপনার শিশুকে নিকটবর্তী হাসপাতালে নিয়ে যান।

উদ্বেগের অন্যান্য লক্ষণগুলির জন্য, আপনার শিশুর স্বাস্থ্যসেবা প্রদানকারীকে ফোন করুন।

গুরুতর প্রতিক্রিয়া সম্পর্কে ভ্যাক্সিন অ্যাডভার্স ইভেন্ট রিপোর্টিং সিস্টেম (Vaccine Adverse Event Reporting System, VAERS)-এ রিপোর্ট করতে হবে। আপনার ডাক্তার সাধারণত এই রিপোর্টটি ফাইল করে থাকেন অথবা আপনি নিজেই তা করতে পারেন। **www.vaers.hhs.gov দেখুন** অথবা **1-800-822-7967** নম্বরে ফোন করুন। *VAERS কেবলমাত্র প্রতিক্রিয়ার রিপোর্ট করার জন্য, এটি কোন চিকিৎসা পরামর্শ প্রদান করে না।*

6 ন্যাশনাল ভ্যাকসিন ইনজুরি কমপেনসেশন প্রোগ্রাম (National Vaccine Injury Compensation Program)

ন্যাশনাল ভ্যাক্সিন ইনজুরি কম্পেনশেসন প্রোগ্রাম (VICP) হল একটি জাতীয় কর্মসূচি যেটি নির্দিষ্ট কিছু টীকার দ্বারা আহত হওয়া লোকদের ক্ষতিপূরণ প্রদানের জন্য তৈরী করা হয়েছে। কর্মসূচি সম্বন্ধে জানতে বা কিভাবে দাবি দাখিল করতে হবে সেটি সম্পর্কে জানতে দেখুন **www.hrsa.gov/vaccinecompensation** বা **1-800-338-2382** নম্বরে ফোন করুন। ক্ষতিপূরণের দাবি দাখিল করার জন্য সময়সীমা রয়েছে।

7 আমি কিভাবে আরো বেশী জানব?

- আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন।
- আপনার স্থানীয় বা স্টেট স্বাস্থ্য বিভাগে কল করুন।
- সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC) তে যোগাযোগ করুন:- **1-800-232-4636 (1-800-CDC-INFO)** নম্বরে কল করুন বা
- - **www.cdc.gov/vaccines** দেখুন

টীকার তথ্য বিবৃতি (অন্তর্বর্তীকালীন)

DTaP (ডিপথেরিয়া, ধনুষ্টংকার, ঘুংড়ি কাশি) টীকা

শুধুমাত্র অফিসে ব্যবহারের জন্য

24/08/2018 | 42 U.S.C. § 300aa-26